# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৪৪/২০১৮-১৯**

**ঢাকা, মঙ্গলবার ৪ সেপ্টেম্বর ২০১৮, ২০ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় শ্রম আইনের (সংশোধন) খসড়ায় নীতিগত অনুমোদন
কিশোর বা প্রতিবন্ধী শ্রমিককে ঝুঁকিপূর্ণ কাজে লাগানো যাবে না

২। আজ বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের টেস্ট ট্রান্সমিশন শুরু
বঙ্গবন্ধু স্টেডিয়াম থেকে সাফ ফুটবল খেলা সরাসরি সম্প্রচার করা হবে

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনপ্রিয়তা বেড়েছে : আইআরআই জরিপ

৪। ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে হবে : বাণিজ্যমন্ত্রী
১৩৬ রপ্তানিকারক পেলেন সিআইপি কার্ড

৫। আগামী জাতীয় সংসদ নির্বাচনে সংবিধানের বাইরে যাওয়ার সুযোগ নেই : স্বাস্থ্যমন্ত্রী

৬। সুযোগ-সুবিধা দিয়ে কৃষি উন্নয়নে কাজ করছে সরকার : কৃষিমন্ত্রী

৭। বর্তমান সংসদ নির্ধারিত মেয়াদ পর্যন্ত চলবে : আইনমন্ত্রী

৮। ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়লেও পরিস্থিতি উদ্বেগজনক নয়
ডেঙ্গু প্রতিরোধে ক্র্যাশ প্রোগ্রাম উদ্বোধনকালে মেয়র সাঈদ খোকন

৯। একাত্তরের জননী রমা চৌধুরী'র শেষ নিঃশ্বাস ত্যাগ : প্রধানমন্ত্রীর শোক

১০। ডিআরইউ'র সাবেক সভাপতি মোস্তাক হোসেনের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

**১। মন্ত্রিসভায় শ্রম আইনের (সংশোধন) খসড়ায় নীতিগত অনুমোদন**
**কিশোর বা প্রতিবন্ধী শ্রমিককে ঝুঁকিপূর্ণ কাজে লাগানো যাবে না**

শ্রমিকদের জন্য শ্রমবান্ধব এবং সুশৃঙ্খল মালিক-শ্রমিক পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) মন্ত্রিসভা বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০১৮ এর খসড়ায় নীতিগতভাবে অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। এছাড়া কিশোর বা প্রতিবন্ধী শ্রমিককে ঝুঁকিপূর্ণ কাজে লাগানো যাবে না বলেও খসড়ায় উল্লেখ করা হয়। বৈঠকশেষে সাংবাদিকদের বিফ্রিংকালে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এসব কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**২। আজ বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের টেস্ট ট্রান্সমিশন শুরু**
**বঙ্গবন্ধু স্টেডিয়াম থেকে সাফ ফুটবল খেলা সরাসরি সম্প্রচার করা হবে**

আজ মঙ্গলবার (৪ সেপ্টেম্বর) দেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ এর টেস্ট ট্রান্সমিশন শুরু হচ্ছে। 'টেস্ট ট্রান্সমিশন' সফল হলে চলতি মাসের শেষ দিকে বা অক্টোবর মাসের মাঝামাঝি বাণিজ্যিকভাবে সম্প্রচার শুরু করার প্রস্তুতি নিবে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল)। বঙ্গবন্ধু স্টেডিয়াম থেকে বাংলাদেশ টেলিভিশন সরাসরি সম্প্রচারের মাধ্যমে প্রথমবারের মতো বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের মাধ্যমে সাফ ফুটবলের খেলাগুলো সরাসরি সম্প্রচার করবে। বিকেল ৪টায় নেপাল-পাকিস্তান ও সন্ধ্যা ৭টায় বাংলাদেশ ভুটানের মধ্যকার খেলা দেখানো হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনপ্রিয়তা বেড়েছে : আইআরআই জরিপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনপ্রিয়তা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। দেশের ৬৬ শতাংশ নাগরিক প্রধানমন্ত্রীর প্রতি সমর্থন প্রকাশ করেছেন। আওয়ামী লীগ নেতৃত্বাধীন বর্তমান সরকারের প্রতি সমর্থন জানিয়েছে ৬৪ শতাংশ নাগরিক। ওয়াশিংটনভিত্তিক ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট (আইআরআই) পরিচালিত এক জরিপের ফলাফলে এ কথা বলা হয়েছে। চলতি বছরের ১০ এপ্রিল থেকে ২১ মে'র মধ্যে এ জরিপ পরিচালিত হয়। এতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতি আশানুরূপভাবে এগিয়ে যাচ্ছে। ৬২ শতাংশ নাগরিক মনে করেন অর্থনৈতিক অগ্রযাত্রায় দেশ সঠিক পথে আছে। অর্থনৈতিক উন্নয়নে সন্তোষ প্রকাশ করেছেন ৬৯ ভাগ নাগরিক। আন্তর্জাতিক গবেষণা সংস্থা সেন্টার ফর ইনসাইট এন্ড সার্ভের এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **এশিয়ার এজ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৪। ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে হবে : বাণিজ্যমন্ত্রী**
**১৩৬ রপ্তানিকারক পেলেন সিআইপি কার্ড**

ব্যবসায়ীদের কষ্ট উপলব্ধি করতে হবে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, তাদের পাশে দাঁড়াতে হবে। এবার ৩৭ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়েছে। এজন্য ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে হবে। ব্যবসায়ীদের নগদ সহায়তা দিতে হবে। গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর একটি হোটেলে রপ্তানি বাণিজ্যে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের (সিআইপি-রপ্তানি) সম্মাননা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে ১৩৬ ব্যবসায়ীকে সিআইপি-রপ্তানি কার্ড তুলে দেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। ২০১৫ সালে রপ্তানি বাণিজ্য ও অর্থনীতিতে অবদানের জন্য তাদের এ কার্ড দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৫। আগামী জাতীয় সংসদ নির্বাচনে সংবিধানের বাইরে যাওয়ার সুযোগ নেই : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে সংবিধানের বাইরে যাওয়ার কোনো সুযোগ নেই। সংবিধানের বাইরে গেলে অসাংবিধানিক শক্তি ক্ষমতায় আসবে। গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর বিএমএ ভবনে ৩৬তম বিসিএস স্বাস্থ্য কাডারে নতুন নিয়োগপ্রাপ্ত ১৮০ জন চিকিৎসকের যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। সুযোগ-সুবিধা দিয়ে কৃষি উন্নয়নে কাজ করছে সরকার : কৃষিমন্ত্রী**

দেশের কৃষি উন্নয়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে বীজ বপন করে গেছেন তার ধারাবাহিকতা ধরে রেখেছেন তাঁর কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কৃষি উপকরণ, ভর্তুকিসহ কৃষকদের নানা সুযোগ সুবিধা এবং সঠিক দিক-নির্দেশনা দিয়ে কৃষি উন্নয়নে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অডিটরিয়ামে নবনিয়োগপ্রাপ্ত ৩৬তম বিসিএস (কৃষি) ক্যাডার কর্মকর্তাদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**৭। বর্তমান সংসদ নির্ধারিত মেয়াদ পর্যন্ত চলবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক জানিয়েছেন আসন্ন জাতীয় নির্বাচনের কারণে বর্তমান সংসদ ভেঙ্গে দেওয়া হবে না। এ সংসদ নির্ধারিত মেয়াদ পর্যন্ত চলবে। আর নির্বাচনকালীন সরকার কবে ঘোষণা করা হবে সেটি সরকার প্রধান হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানাবেন। গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর তেজগাঁও জেলা রেজিস্ট্রারের কার্যালয়ে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**৮। ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়লেও পরিস্থিতি উদ্বেগজনক নয়**
**ডেঙ্গু প্রতিরোধে ক্র্যাশ প্রোগ্রাম উদ্বোধনকালে মেয়র সাঈদ খোকন**

গত দুই-তিন বছরের তুলনায় এ বছর ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়েছে জানিয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র সাঈদ খোকন বলেছেন, এবার ডেঙ্গু রোগীর সংখ্যা কিছুটা হলেও বেড়েছে, তবে পরিস্থিতি উদ্বেগজনক নয়। এমনকি আতঙ্কিত হওয়ার মতো পরিস্থিতিও হয়নি। গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর ইস্কাটন গার্ডেন এলাকায় ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার লার্ভা/প্রজননস্থল শনাক্তকরণ ও ধ্বংসকরণে পক্ষকালব্যাপি বিশেষ ক্র্যাশ প্রোগ্রামের উদ্বোধনকালে মেয়র এ কথা বলেন। তিনি নগরবাসীকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে বলেন, বাসা-বাড়ির পরিত্যক্ত টায়ার, ফুলের টব, এসি'র আউটারে জমে থাকা পানি পরিষ্কার করতে হবে। কোনো জায়গায় পাঁচদিনের বেশি পানি জমতে দেওয়া যাবে না। কেননা পাঁচদিনের বেশি পানি জমে থাকলে এডিস মশার বংশ বিস্তারের আশঙ্কা থাকে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

**৯। একাত্তরের জননী রমা চৌধুরী'র শেষ নিঃশ্বাস ত্যাগ : প্রধানমন্ত্রীর শোক**

'একাত্তরের জননী' রমা চৌধুরী চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মহান মুক্তিযুদ্ধের এ বীরাঙ্গনার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী গভীর শ্রদ্ধার সঙ্গে মহান মুক্তিযুদ্ধে 'একাত্তরের জননী' খ্যাত রমা চৌধুরীর ত্যাগ ও সংগ্রামের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এক শোকবার্তায় স্পিকার রমা চৌধুরীর বিদেহী আত্মার শান্তি কামনা করেন। তিনি তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

১০। **ডিআরইউ'র সাবেক সভাপতি মোস্তাক হোসেনের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি ও দৈনিক ভোরের ডাকের বিশেষ প্রতিনিধি মোস্তাক হোসেন (৫৮) গতকাল (৩ সেপ্টেম্বর সোমবার) জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তিনি বেশ কিছুদিন যাবৎ কিডনি ও হৃদরোগসহ নানা জটিলতায় ভুগছিলেন। ডিআরইউ'র সাবেক সভাপতি মোস্তাক হোসেনের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** চট্টগ্রামের মিরসরাইয়ে গেটম্যানের অবহেলায় যাত্রীবাহী বাসে ট্রেনের ধাক্কায় হতাহতের ঘটনা ঘটেছে উল্লেখ করে অরক্ষিত রেলক্রসিংয়ের কারণে দুর্ঘটনা এড়াতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **যুগান্তর :** বাংলাদেশ ফার্মাকোভিজিলেন্স নেটওয়ার্কে প্রবেশ করার ফলে এখন থেকে ওষুধের বিরূপ প্রভাব দেখা দিলে সঙ্গে সঙ্গে এ অভিযোগ জানানো যাবে ঔষধ প্রশাসন অধিদফতরে এ তথ্য উল্লেখ করে এ উদ্যোগের ফলে জনগণের নিরাপদ চিকিৎসাপ্রাপ্তি নিশ্চিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো** : পোশাক শিল্পের শ্রমিকদের জন্য ন্যায্য মজুরি নির্ধারণ করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** রিটেস্টিংবিহীন চরম ঝুঁকিপূর্ণ তিন লক্ষাধিক সিলিন্ডার বাস, ট্রাক, প্রাইভেটকারে সংযুক্ত অবস্থায় চলাচল করছে সর্বত্র এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে ঝুঁকিপূর্ণ মেয়াদোত্তীর্ণ সিলিন্ডারের ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **যায়যায়দিন :** রাজধানীতে ব্যাপকভাবে ডেঙ্গুজ্বরের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে ডেঙ্গুজ্বরের প্রকোপ থেকে নগরবাসীকে বাঁচাতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার সুপারিশ।

চ. **নিউজ টুডে** : সম্প্রতি ছয় জেলায় সড়কে প্রাণহানি ঘটেছে ১৮ জনের আর আহত হয়েছেন অন্তত ৯০ জন উল্লেখ করে সড়ক দুর্ঘটনারোধে সড়কে নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর পদক্ষেপ কামনা।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পণ্য আমদানির ক্ষেত্রে হিসাব করে আমদানি করলে ও অপ্রয়োজনীয় পণ্য আমদানি বর্জন করলে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল পত্রিকায় প্রকাশিত 'সড়ক দুর্ঘটনারোধে চাই প্ররোচক ভূমিকা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, যথাযথ কর্তৃপক্ষ কার্যকরী ভূমিকা পালন করে দুর্ঘটনারোধে ব্যবস্থা নিলে সড়ক-মহাসড়কে দুর্ঘটনার সংখ্যা কমিয়ে আনা সম্ভব।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা